ইত্তেফাক

তারিখ ২৫।৯।৮১
পৃষ্ঠা ..... কলাম

063

394

পাসের হার ৫৯ ভাগ

# রাজশাহী বোর্ডের এইচ, এস, সি পরীক্ষার ফল প্রকাশ

রাজশাহী, ২৪শে সেপ্টেম্বর (নিজস্ব প্রতিনিধি)—আজ (বৃহস্পতিবার) সন্ধ্যায় রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৮১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশিত হইয়াছে। পাসের হার শতকরা ৫৯ দশমিক ৫৯।

সম্মিলিত মেধা তালিকায় রাজশাহী ক্যাডেট কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্র মোঃ সাইফুর রহমান তিনটি বিষয়ে লেটারসহ মোট ৮৯৩ নম্বর পাইয়া প্রথম স্থান অধিকার করিয়াছে।

নিম্নে সম্মিলিত মেধা তালিকা অনুযায়ী প্রথম হইতে পঞ্চম স্থান অধিকারী এবং বাণিজ্য ও কলা বিভাগে প্রথম হইতে তৃতীয় স্থান অধিকারীদের নাম দেওয়া হইল: প্রথম মোঃ সাইফুর রহমান (৮৯৩), রাজশাহী ক্যাডেট কলেজ, দ্বিতীয় শেখ কাইজার আলম (৮৭৪), রাজশাহী সরকারী কলেজ, তৃতীয় মোঃ আলতাফ হোসেন (৮৫৩), রাজশাহী সরকারী কলেজ, চতুর্থ মোঃ অজাহারুল করিম (৮৪৬), রাজশাহী ক্যাডেট কলেজ, পঞ্চম শ্যামল চন্দ্র দেবনাথ (৮৩৩), সরকারী কারমাইকেল কলেজ, রংপুর।

(৮ম পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

ইহারা পাঁচজনই বিজ্ঞান বিভাগের ছাত্র এবং সকলেই পদার্থ, রসায়ন ও গণিত এই তিনটি বিষয়ে লেটার পাইয়াছে।

বাণিজ্য বিভাগ: প্রথম মেহেরুল ইসলাম, রাজশাহী সরকারী কলেজ, দ্বিতীয় দেওয়ান ক্যানিজ নাইমা, নওগাঁ সরকারী কলেজ, তৃতীয় আ, ক, ম, আখতারুজ্জামান, রাজশাহী সরকারী কলেজ।

কলা বিভাগ: প্রথম নূরে আলম সিদ্দিকী, সরকারী কারমাইকেল কলেজ, রংপুর, দ্বিতীয় নাসিমুল গনি, রাজশাহী ক্যাডেট কলেজ, তৃতীয় গোলাম কিবরিয়া, সরকারী আজিজুল হক কলেজ, বগুড়া।